



এনএসইউতে 'জননীতিতে মনিটরিং ও মূল্যায়ন সক্ষমতা জোরদার' শীর্ষক প্রশিক্ষণ

বণিক বার্তা ডেস্ক ■

নর্থ সাউথ ইউনিভার্সিটিতে (এনএসইউ) 'জননীতিতে মনিটরিং ও মূল্যায়ন সক্ষমতা জোরদার' শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সাউথ এশিয়ান ইনস্টিটিউট অব পলিসি অ্যান্ড গভর্ন্যান্স (এসআইপিজি) এবং এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের (এডিবি) বাংলাদেশ রেসিডেন্ট মিশনের ক্যাপাসিটি ডেভেলপমেন্ট রিসোর্স সেন্টারের (সিডিআরসি) সহযোগিতায় তিন দিনব্যাপী এ প্রশিক্ষণের আয়োজন করা হয়। এনএসইউ মুট কোর্ট রুমে গতকাল এ প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক আবদুল হামান চৌধুরী। বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এনএসইউ উপাচার্য বাংলাদেশে সুশাসন ও জনসেবা প্রদানে সক্ষমতা উন্নয়নমূলক উদ্যোগের গুরুত্ব তুলে ধরেন। সঞ্চালনায় ছিলেন বিশ্ববিদ্যালয়ের পলিটিক্যাল সায়েন্স অ্যান্ড সোশিওলজি বিভাগের সহযোগী অধ্যাপক ও চেয়ার ড. রিজওয়ান খায়ের। এসআইপিজির পরিচালক অধ্যাপক এসকে তৌফিক এম হক তার বক্তব্যে সরকারি খাতে কমপ্লয়েমেন্টের প্রতিবেদন থেকে প্রমাণভিত্তিক শিক্ষা ও অভিযোজনমূলক শাসন ব্যবস্থার দিকে অগ্রসর হওয়ার আহ্বান জানান। এছাড়া এডিবির বাংলাদেশ রেসিডেন্ট মিশনের লিড সোশ্যাল সেক্টর অফিসার (শিক্ষা ও স্বাস্থ্য) এসএম এবাদুর রহমান প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি এবং অংশীদারত্ব জোরদারের গুরুত্ব তুলে ধরেন।